



সম্পাদক
শাহাদত চৌধুরী
নির্বাহী সম্পাদক
মোহসিনুল আদনান
প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তোজা
প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু
সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস
প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী
আনোয়ার মজুমদার
নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, হাসান মুর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন
চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান
যশোর প্রতিনিধি
মামুন রহমান
সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল
বিশেষ বিদেশ প্রতিনিধি
মিজানুর রহমান খান
কানাডা প্রতিনিধি
জসিম মল্লিক
হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল
নিউইয়র্ক প্রতিনিধি
আব্বাস হায়দার কিরণ
ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ
যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ
কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নুরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য
প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ

৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ইমেল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

বর্ণাঢ্য প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের এদেশটি। পাহাড়, নদী, বন, সাগরের অপূর্ব সমন্বয় ঘটেছে এ বর্ধীপে। একই সঙ্গে আমাদের দেশের জনগণ বৈচিত্র্যময় সংস্কৃতি, ঐতিহ্যের উত্তরসূরি। পর্যটকদের আকৃষ্ট করার যে সব মৌলিক উপাদান থাকা প্রয়োজন আমাদের দেশে তা রয়েছে। অথচ উদ্যোগহীনতা, অব্যবস্থাপনার কারণে আমাদের পর্যটন শিল্প পিছিয়ে রয়েছে। মূলত দৃষ্টিভঙ্গির সংকীর্ণতা মোল্লাতন্ত্রের উত্থান, নিরাপত্তাহীনতা এদেশের পর্যটনকে পিছিয়ে দিচ্ছে।

প্রাচীন কাল থেকে মানুষ পৃথিবীর সৌন্দর্য দেখার জন্য বেরিয়ে পড়েছে। ঘুরে বেড়িয়েছে প্রত্যন্ত জনপদ। প্রাচীন বাংলার ইতিহাস দেখলে দেখা যাবে, অনেক পর্যটক এদেশে এসেছেন। মুগ্ধ হয়েছেন এ দেশের সৌন্দর্য দেখে। তাদের লেখা বই এখন ইতিহাসের সাক্ষ্য। আমরা আমাদের ঐতিহ্যের ধারাকে টিকিয়ে রাখতে পারিনি। পর্যটন শিল্পে আমরা ক্রমশ পিছিয়েছি। অথচ আমাদের পার্শ্ববর্তী দেশ ভারত, নেপাল, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া এগিয়ে গিয়েছে। পর্যটন তাদের আজ অন্যতম আয়ের উৎস।

একজন পর্যটক ১ লক্ষ ৪৪ হাজার বর্গ কিলোমিটারের এ ছোট দেশটিতে এসে উপভোগ করতে পারবেন বৈচিত্র্যময় প্রাকৃতিক সৌন্দর্য। পৃথিবীর বৃহত্তম সমুদ্র সৈকত কক্সবাজার তাকে বিমোহিত করবে। দক্ষিণে রয়েছে ম্যানগ্রোভ ফরেস্ট সুন্দরবন। পাহাড়ের অপার সৌন্দর্য তাকে মুগ্ধ করবে। রয়েছে সমুদ্রে জেগে থাকা প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। নদী, বিস্তীর্ণ হাওর। আসলে আমাদের পুরো দেশই সবুজে ঢাকা। প্রাকৃতিক সৌন্দর্যের সঙ্গে আমাদের রয়েছে ঐতিহ্যবাহী সংস্কৃতির সম্ভার। বাঙালি জনগোষ্ঠীর সঙ্গে আদিবাসীদের ঐতিহ্যবাহী জীবনধারা। আমাদের পাহাড়পুরের বৌদ্ধ বিহার, চাঁপাইনবাবগঞ্জের ছোট সোনা মসজিদ, দিনাজপুরের কাঞ্চজির মন্দির, বাগেরহাটের ষাটগম্বুজ মসজিদ আমাদের পর্যটনের অন্যতম আকর্ষণ।

আমরা আমাদের পর্যটন স্পটগুলো সংরক্ষণ করতে পারছি না। কক্সবাজারে পর্যটনের সুযোগ না করে শুধু হোটেল গড়ে উঠছে। জনসংখ্যা চাপে নুইয়ে পড়েছে সেন্টমার্টিন। পাহাড়, বন উজাড় হচ্ছে। সুন্দরবন প্রতিদিন লুপ্ত হতে হচ্ছে। আমাদের দর্শনীয় স্থানগুলো অথলে পড়ে রয়েছে। আমাদের অবহেলায় আমাদের পর্যটন স্থানগুলো ক্রমেই রিক্ত হয়ে উঠছে।

আর কথার ফুলঝুরি নয়। এখন আমাদের পর্যটন শিল্পের বিকাশের জন্য সত্যিকার দৃষ্টি দিতে হবে। প্রকৃতির ভারসাম্য ও সৌন্দর্য অক্ষুণ্ণ রেখে গড়ে তুলতে হবে অবকাঠামো। এ কাজটি করতে পারলে পুরো দেশটি পর্যটন কেন্দ্রে পরিণত হবে।